

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং -৪৫.১৭৪.০০২.১১.০০.০১১.২০১১-৩৪১

তারিখ : ১৯.০৯.২০১৬ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অধীন “হেলথ ইকনোমিক্স এন্ড ফাইন্যান্সিং” অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের আরপিএ (জিওবি) খাত হতে ১ম কিস্তি বাবদ ১৯৫.০০ লক্ষ (এক কোটি পঁচানব্বই লক্ষ) টাকা অবমুক্তি প্রসঙ্গে।

জনাব,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “হেলথ ইকনোমিক্স এন্ড ফাইন্যান্সিং” শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে আরপিএ (জিওবি) খাতের (১৯.১২.২০১৬ তারিখের ৪৫.১৭৪.০০২.১১.০০.০১১.২০১১-৪৮০ সংখ্যক স্মারকের অনুমোদিত সংশোধিত বিভাজন অনুযায়ী) ১ম কিস্তি বাবদ ১৯৫.০০ লক্ষ (এক কোটি পঁচানব্বই লক্ষ) (রাজস্ব-১১৪.০০ লক্ষ+মূলধন-৮১.০০ লক্ষ) টাকা অবমুক্তকরণে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। এই ব্যয় ২০১৬-১৭ অর্থ বছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপিএর “হেলথ ইকনোমিক্স এন্ড ফাইন্যান্সিং” (কোড নং-৫-২৭০১-৫৫৩০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে বহন করা হবে।

শর্তাবলী :

- ক. এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথ ভাবে পালন করতে হবে;
  - খ. ছাড়কৃত অর্থের ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
  - গ. ১ম কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে; এবং
  - ঘ. কর্মসূচির অপারেশনাল প্ল্যানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত চুক্তির শর্ত মোতাবেক এই অর্থ ব্যয় করতে হবে।
- ২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নম্বর স্মারকের অধীনে এই মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সেই অনুযায়ী এই আদেশ জারি করা হল।

আপনার বিশ্বস্ত,

(ড. মো: এনামুল হক)

উপ সচিব

ফোনঃ ৯৫৪৯৫৪০

নং -৪৫.১৭৪.০০২.১১.০০.০১১.২০১১-৩৪১/১(৭)

তারিখ : ১৯.০৯.২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও লাইন ডাইরেক্টর, হেলথ ইকনোমিক্স এন্ড ফাইন্যান্সিং, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড, ঢাকা।
২. যুগ্ম সচিব (এফএমএ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৪. উপ সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(ড. মো: এনামুল হক)

উপ সচিব